রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২৮, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

**[মূল্য সংযোজন কর]**

**প্রজ্ঞাপন**

তারিখঃ **১৪** আষাঢ়, ১৪**২৫** বঙ্গাব্দ / **২৮** জুন, ২০১৮ খ্রিস্টাব্দ

এস,আর,ও, নং-**২০১**-আইন/২০১৮/**৮০৪**-মূসক।-মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৬৭-আইন/২০১৮/৭৯০-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

**উপরি-উক্ত প্রজ্ঞাপনের-**

(ক) টেবিল-৪ (সেবা পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা- S০০৫ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে, এবং

(খ) টেবিল-৫ (ব্যবসায়ী পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) 84.43 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর উক্ত টেবিলের কলাম (১) এ নিম্নরূপ শিরনামা

সংখ্যা (Heading No.) এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ নিম্নরূপ এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

| | | |
|---|---|---|
| “84.71 | সকল এইচ.এস. কোড (8471.60.10 ব্যতীত) | কম্পিউটার ও কম্পিউটারের যন্ত্রাংশ।”। |

০২। এই প্রজ্ঞাপনের দফা (ক) ৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে, এবং দফা (খ) অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি)**
সিনিয়র সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
**[সম্পূরক শুল্ক]**

**প্রজ্ঞাপন**

তারিখঃ **১৪** আষাঢ়, ১৪**২৫** বঙ্গাব্দ / **২৮** জুন, ২০১৮ খ্রিস্টাব্দ

**এস,আর,ও, নং**-২০২-**আইন/২০১৮/**৮০৫-**মূসক।**- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা **১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং- ১৭২-আইন/২০১৮/৭৯৫-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-**

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল-২ (উৎপাদন পর্যায়) এর-

(অ) কলাম (১) এর শিরনামা সংখ্যা (Heading No.) ২৪.০২ এবং কলাম (২) এর সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) ২৪০২.২০.০০ ও উহার বিপরীতে কলাম (৩) ও (৪) এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা, সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড এবং কলাম (৩) ও (৪) এ নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

| | | | |
|---|---|---|---|
| “২৪.০২ | ২৪০২.২০.০০ | তামাকযুক্ত সিগারেট (Cigarettes Containing Tobacco) প্রতি দশ শলাকা সিগারেটের বিক্রয় মূল্য (প্যাকেটের গায়ে খুচরা বিক্রয়মূল্য ও সিগারেটের সংখ্যা সুস্পষ্ট, লক্ষণীয় ও অনপনীয়ভাবে মুদ্রিত থাকিবার শর্তে): | |
| | | (১) ৩৫ টাকা ও তদূর্ধ্ব | ৫৫ |
| | | (২) ৪৮ টাকা ও তদূর্ধ্ব | ৬৫ |
| | | (৩) ৭৫ টাকা ও তদূর্ধ্ব | ৬৫ |

**শর্তঃ** গত ২৭/০৬/২০১৮ খ্রিস্টাব্দ তারিখে প্রতি দশ শলাকার বিদ্যমান ১০১ টাকা ও তদূর্ধ্ব মূল্যমানের সকল ব্র্যান্ডের সিগারেটের মূল্য ১০৫ টাকা ও তদূর্ধ্ব নির্ধারণ করিতে হইবে”;

(আ) কলাম (১) এর শিরনামা সংখ্যা (Heading No.) ২৪.০৩ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) এবং (৪) এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

| | | | |
|---|---|---|---|
| “২৪.০৩ | ২৪০৩.৯৯.০০ | জর্দা ও গুল | ১০০”; |

(ই) কলাম (১) এর শিরনামা সংখ্যা (Heading No.) ৩৩.০৪ এবং কলাম (২) এর সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) ৩৩০৪.৯৯.০০ ও উহার বিপরীতে কলাম (৩) ও (৪) এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা, সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড এবং কলাম (৩) ও (৪) এ নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

| | | | |
|---|---|---|---|
| “৩৩.০৪ | ৩৩০৪.৯৯.০০ | অন্যান্য (পেট্রোলিয়াম জেলি ব্যতীত) | ১০”; |

(ঈ) কলাম (১) এর শিরনামা সংখ্যা (Heading No.) ৩৩.০৭ এবং উহার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) ৩৩০৭.২০.০০ এর বিপরীতে কলাম (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা, সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড এবং কলাম (৩) ও (৪) এ নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

| | | | |
|---|---|---|---|
| “৩৩.০৭ | ৩৩০৭.২০.০০ | শরীরের দুর্গন্ধ এবং ঘাম দূরীকরণে ব্যবহৃত সামগ্রী | ১৫”; |

(উ) কলাম (১) এর শিরনামা সংখ্যা (Heading No.) ৮৫.৩৯ এবং কলাম (২) এর সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) ও উহার বিপরীতে কলাম (৩) ও (৪) এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা, সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড এবং কলাম (৩) ও (৪) এ নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

| | | | |
|---|---|---|---|
| “৮৫.৩৯ | সংশ্লিষ্ট এইচ,এস, কোড | আলট্রা ভায়োলেট/ইনফ্রা-রেড ল্যাম্প ব্যতীত অন্যান্য ফিলামেন্ট ল্যাম্প | ০”। |

রাষ্ট্রপতির আদেশক্রমে,
**(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি)**
সিনিয়র সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
**[মূল্য সংযোজন কর]**

**প্রজ্ঞাপন**

তারিখঃ **১৪** আষাঢ়, **১৪২৫** বঙ্গাব্দ / **২৮** জুন, ২০১৮ খ্রিস্টাব্দ

**এস,আর,ও, নং-২০৩-আইন/২০১৮/৮০৬-মূসক।-** মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৭১-আইন/২০১৮/৭৯৪-মূসক রহিতক্রমে, নিম্নবর্ণিত টেবিলে উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরনামা সংখ্যা (Heading No.) এর বিপরীতে কলাম (২) এ বিধৃত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যের ক্ষেত্রে খুচরা মূল্যের ভিত্তিতে উৎপাদন পর্যায়ে মূল্য সংযোজন কর আরোপিত হইবে বলিয়া স্থির করিল, যথা:-

**টেবিল**

| **শিরনামা সংখ্যা (Heading No.)** | **সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code)** | **পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods)** |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ২৪.০২ | ২৪০২.২০.০০ | তামাকযুক্ত সিগারেট (Cigarettes containing tobacco, manufactured mechanically) |
| | ২৪০২.৯০.০০ | বিড়ি |
| ৩৮.০৮ | সংশ্লিষ্ট এইচ.এস. কোড | অ্যারোসল, ডিজইনফেকট্যান্ট |

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি)**
সিনিয়র সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

**[মূল্য সংযোজন কর]**

**প্রজ্ঞাপন**

তারিখঃ **১৪** আষাঢ়, ১৪২**৫** বঙ্গাব্দ **/ ২৮** জুন, ২০১৮ খ্রিস্টাব্দ

এস,আর,ও, নং-**২০৪**-আইন/২০১৮/**৮০৭**-মূসক।- **মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৫ এর উপ-ধারা (৪) এর** সহিত পঠিতব্য, **এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নির্দিষ্ট সেবার ক্ষেত্রে মূল্য সংযোজনের নির্ধারিত হারের** ভিত্তিতে **কর ধার্যকরণ বিধিমালা, ২০১২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-**

**উপরি-উক্ত বিধিমালার টেবিলের কলাম (১)** এর -

(অ) **শিরনামা S০১০ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) এবং (৫) এর পর** কলাম (১), (২), (৩), (৪) ও (৫) এ **নিম্নরূপ এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা:-**

| | | | | |
|---|---|---|---|---|
| "S০১২ | S১২.১৪ | ইন্টারনেট সংস্থা | সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা তেত্রিশ দশমিক তিন চার শতাংশ | ৫%"; |

(আ) **শিরনামা S০৯৯ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) এবং (৫) এর পর** কলাম (২), (৩), (৪) ও (৫) এ **নিম্নরূপ এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা:-**

| | | | |
|---|---|---|---|
| "S০৯৯.৬০ | ক্রেডিট রেটিং এজেন্সি | সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা ছেচল্লিশ দশমিক ছয় সাত শতাংশ | ৭%"। |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

**(মোঃ রেজাউল হাসান)**
**সদস্য (মূসক নীতি)**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

**[মূল্য সংযোজন কর]**

**প্রজ্ঞাপন**

তারিখঃ **১৪** আষাঢ়, **১৪২৫** বঙ্গাব্দ **/ ২৮** জুন, ২০১৮ খ্রিস্টাব্দ**।**

**এস,আর,ও, নং-২০৫-আইন/২০১৮/৮০৮-মূসক।-** মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৩ এর উপ-ধারা (৫) এর দফা (খ) তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ০৬ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৬৮-আইন/২০১৩/৬৭২-মূসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০৭৯ ও S০৯৯ এবং উহাদের বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত সেবার কোড ও এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে, নিম্নরূপ শিরনামা সংখ্যা, সেবার কোড ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

| | | |
|---|---|---|
| **"S০৭৯** | **S০৭৯.০০** | **সোশ্যাল মিডিয়া ও ভার্চুয়াল বিজনেস:**<br><br>ব্যাখ্যা।- "সোশ্যাল মিডিয়া ও ভার্চুয়াল বিজনেস" অর্থ যে কোন ধরনের নিজস্ব বিক্রয় বা ব্যবসা কেন্দ্র ব্যতীত ইলেকট্রনিক নেটওয়ার্ক ব্যবহারের মাধ্যমে ইন্টারনেট বা ওয়েব বা সোশ্যাল মিডিয়া বা মোবাইল এপ্লিকেশন ভিত্তিক প্লাটফরম বা অনুরূপ যে কোন মিডিয়া ব্যবহার করিয়া বিজ্ঞাপন, পরিবহন যোগাযোগ স্থাপন, ই-কমার্স ভিত্তিক গাড়ী, আসবাবপত্র, এয়ারকন্ডিশনার, ফ্রিজার, রেফ্রিজারেটর, টেলিভিশন, ওয়াশিং মেশিন, ক্যামেরা, হোম থিয়েটার, অলঙ্কার (স্বর্ণ বা হিরক খচিত), বিদেশি ব্রান্ডের পোশাক ও জুতা ইত্যাদি পণ্য বা সেবার ক্রয়-বিক্রয় বা হস্তান্তরকে বুঝাইবে; তবে, টেলিকম অপারেটরগণকে প্রদত্ত যে কোন ধরনের মোবাইল ভ্যালু এ্যাডেড সার্ভিস ইহার অন্তর্ভুক্ত হইবে না। |
| **S০৯৯** | **S০৯৯.১০** | **তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services):** |

ব্যাখ্যা।– "তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services)" অর্থ Digital Content Development and Management, Animation (Both 2D and 3D), Geographic Information Services (GIS), IT Support and Software Maintenance Services, Website Hosting, Digital Data Analytics, Business Process Outsourcing, Data Entry, Data Processing, Call Centre, Digital Graphics Design and Computer Aided Design, Search Engine Optimization, Web Listing, Document Conversion, Imaging and Archiving, Overseas Medical Transcription, Cyber Security Services, E-Procurement and E-Auction."।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)**
**প্রথম সচিব (মূসক নীতি)**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
**[মূল্য সংযোজন কর]**

**প্রজ্ঞাপন**

তারিখঃ **১৪** আষাঢ়, **১৪২৫** বঙ্গাব্দ / **২৮** জুন, **২০১৮** খ্রিস্টাব্দ।

**এস,আর,ও, নং-২০৬-আইন/২০১৮/৮০৯-মূসক।-** মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর কলাম (1) এর শিরোনামা সংখ্যা (Heading No.) 85.17 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সংশ্লিষ্ট সামঞ্জস্যপূর্ণ নামকরণ (H.S. Code) কোডের আওতাধীন কলাম (3) এ বর্ণিত মোবাইল টেলিফোন সেট বা সেলুলার ফোন, অতঃপর উক্ত পণ্য বলিয়া উল্লিখিত, এর

(ক) স্থানীয় উৎপাদন পর্যায়ে এবং উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ আমদানির ক্ষেত্রে আমদানি পর্যায়ে নিম্নবর্ণিত টেবিল-১ এর শর্তাবলী পরিপালন সাপেক্ষে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর; এবং

(খ) কেবল স্থানীয় উৎপাদন পর্যায়ে নিম্নবর্ণিত টেবিল-২ এর শর্তাবলী পরিপালন সাপেক্ষে উক্ত পণ্য সংযোজনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৫ শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর,

হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

**টেবিল-১**

(ক) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে Bangladesh Investment Development Authority (BIDA) হইতে উৎপাদক হিসাবে নিবন্ধন গ্রহণ করিতে হইবে;

(খ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন হইতে উৎপাদনের নিবন্ধন গ্রহণ করিতে হইবে;

(গ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের ন্যূনতম পার্টস বা যন্ত্রাংশ, যেমন- Printed Circuit Board (PCB), Charger, Battery, Housing & Casing উৎপাদনের সক্ষমতা থাকিতে হইবে এবং তদ্‌লক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি উহার কারখানা প্রাঙ্গণে স্থাপিত থাকিতে হইবে;

(ঘ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব মেশিনারী, যেমন- Solder Paste Printer, Pick & Place Machine, Auto Air Wave Soldering Machine with Sprayer, Solder Paste Inspection Machine, Automatic Optical Inspection Machine, Reflow Oven Machine, Temperature and Humidity Tester, Mobile Phone Network Testing Machine, PCB Manufacturing Project, Flying Probe Testing Machine, High Voltage Universal Grid Tester, Cutting Machine, V-Cut Machine, Drilling Machine, Routing Machine, DES (Developing, Etching & Stripping) Line, Direct Metallization Line এবং Effluent Treatment Plant (ETP) থাকিতে হইবে;

(ঙ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে ন্যূনতম ৩০% মূল্য সংযোজন করিতে হইবে;

(চ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে যে কোন সময় কর্মরত বাংলাদেশি জনবলের সংখ্যা ন্যূনতম ২৫০ (দুইশত পঞ্চাশ) জন থাকিতে হইবে;

(ছ) এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে উপরি-উক্ত দফা (ক) হইতে (চ) এ উল্লিখিত শর্তাদি পরিপালন করা হইবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক, আনুষঙ্গিক দলিলাদিসহ, জাতীয় রাজস্ব বোর্ডের নিকট আবেদন করিতে হইবে।

টেবিল-২

(ক) মোবাইল ফোন সংযোজনকারী প্রতিষ্ঠানকে Bangladesh Investment Development Authority (BIDA) ও বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন হইতে নিবন্ধন গ্রহণ করিতে হইবে;

(খ) উক্ত পণ্য সংযোজনকারী প্রতিষ্ঠানের নিজস্ব মেশিনারী, যেমন- Automatic Screw Feeder, Window Press Machine /Hot Bar Machine, Auto Sealer/Shrink Wrap Machine, UHF Temperature Cell, Shield Box, Display Color Analyzer, Vibrational Measuring Machine, Battery module Quick charger System, Radiation & GPS Signal Analyzing Machine, WLAN Testing Machine, Audio signal Checking machine, Wireless communications testing Machine, Signal Analyzer, Battery leakage inspection machine, Electric current measurement machine, Network Testing Machine / Mobile Phone Network Testing Machine, Temperature & Humidity Tester থাকিতে হইবে;

(গ) উক্ত পণ্য সংযোজনকারী প্রতিষ্ঠানে যে কোন সময় কর্মরত বাংলাদেশি জনবলের সংখ্যা ন্যূনতম ২৫০ (দুইশত পঞ্চাশ) জন থাকিতে হইবে;

(ঘ) এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য উক্ত পণ্য সংযোজনকারী প্রতিষ্ঠানকে উপরি-উক্ত দফা (ক) হইতে (গ) এ উল্লিখিত শর্তাদি প্রতিপালন করা হইবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক, আনুষঙ্গিক দলিলাদিসহ, জাতীয় রাজস্ব বোর্ডের নিকট আবেদন করিতে হইবে।

(২) টেবিল-১ অথবা টেবিল-২ এর শর্তাধীনে উক্ত পণ্য উৎপাদনের লক্ষ্যে নিবন্ধিত প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত আবেদনের ভিত্তিতে নিম্নবর্ণিত পরিদর্শন কমিটির প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গৃহীত হইতে হইবে, যথা:-

**কমিটি:**

(ক) দ্বিতীয় সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড;

(খ) সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা;

(গ) সংশ্লিষ্ট মূসক সার্কেলের রাজস্ব কর্মকর্তা;

(৩) বর্ণিত কমিটি, কমিটি গঠনের অনধিক ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে, উক্ত পণ্য উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক উহার পরিদর্শন প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডের নিকট দাখিল করিবে এবং উক্ত বোর্ড, দাখিলকৃত প্রতিবেদনে প্রজ্ঞাপনের শর্তাবলী যথাযথভাবে প্রতিপালিত হওয়া সাপেক্ষে, প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, বিষয়টি নিষ্পত্তি করিবে এবং বোর্ডের অনুমোদন প্রাপ্তির পর অনুমোদনের তারিখ হইতে অব্যাহতি বা রেয়াতি সুবিধা প্রদান করা হইবে;

(৪) এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, কোন নিবন্ধিত প্রতিষ্ঠানকে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৩১, ৩২ ও ৩৫ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে;

(৫) অনুচ্ছেদ ১ এর শর্তাবলী পূরণ সাপেক্ষে, অব্যাহতিপ্রাপ্ত হইলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনুচ্ছেদ (৪) এর বিধানাবলী পরিপালন করিতে ব্যর্থ হইলে অব্যাহতি বা রেয়াতি সুবিধা প্রাপ্য হইবে না;

(৬) এই প্রজ্ঞাপনের আওতায় অব্যাহতি বা রেয়াতি সুবিধা ভোগকারী কোন প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলী যথাযথভাবে পরিপালন করিতেছে কিনা তাহা যথোপযুক্ত অনুসন্ধানের লক্ষ্যে বোর্ড যে কোন সময় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে। উক্ত অনুসন্ধানের প্রেক্ষিতে এই প্রজ্ঞাপনের কোন শর্ত প্রতিপালিত হইতেছে না মর্মে প্রতীয়মান হইলে সংশ্লিষ্ট উৎপাদনকারী বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে Customs Act, 1969 ও মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর বিধান অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে এবং প্রদত্ত অব্যাহতি বা রেয়াতি সুবিধা তাৎক্ষণিকভাবে বাতিল হইবে;

(৭) টেবিল-২ এর শর্তাবলী পূরণ সাপেক্ষে এই প্রজ্ঞাপনের আওতায় কোন প্রতিষ্ঠান রেয়াতি সুবিধা প্রাপ্য হইলেও উক্ত সুবিধা প্রাপ্তির ১৫ মাসের মধ্যে প্রতিষ্ঠান কর্তৃক SMT Line ও তদ্‌সংশ্লিষ্ট মেশিনারিজ যথা:- Solder Paste Printer, Pick & Place Machine, Auto Air Wave Soldering, Solder Paste Inspection Machine, Automatic Optical Inspection Machine, Reflow Oven Machine, ইত্যাদি স্থাপন করিয়া জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করিতে হইবে। উক্ত কমিটি সরেজমিনে পরিদর্শনক্রমে শর্ত প্রতিপালনের যথার্থতা সম্পর্কে নিশ্চিত না হইলে উক্তরূপে প্রদত্ত রেয়াতি সুবিধা মেয়াদ আন্তে রহিত হইবে।

২। এই বিভাগ কর্তৃক জারীকৃত ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং- ১৬৮-আইন/২০১৮/৭৯১-মূসক এতদ্দ্বারা রহিত করা হইল।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি)**
সিনিয়র সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
**[মূল্য সংযোজন কর]**

**প্রজ্ঞাপন**

তারিখঃ **১৪** আষাঢ়, ১৪২**৫** বঙ্গাব্দ / **২৮** জুন, ২০১**৮** খ্রিস্টাব্দ।

**এস,আর,ও, নং-২০৭-আইন/২০১৮/৮১০-মূসক।—** মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার —

(১) মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৫৫-আইন/২০১৭/৪১/কাস্টমস; তারিখঃ ০১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ এর TABLE-I ও TABLE-II এর অন্তর্ভুক্ত পণ্য (CKD Motorcycle ব্যতীত) আমদানির ক্ষেত্রে এবং মোটরসাইকেল পার্টস উৎপাদনকারী (ভেন্ডর) প্রতিষ্ঠান কর্তৃক উক্ত প্রজ্ঞাপনের TABLE-I এর অন্তর্ভুক্ত পণ্য (CKD Motorcycle ব্যতীত) আমদানির ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী পরিপালন সাপেক্ষে সমুদয় মূল্য সংযোজন কর;

(২) দফা (১) এ উল্লিখিত TABLE সমূহে বর্ণিত যন্ত্রাংশ ও উপকরণ ব্যবহারপূর্বক মোটরসাইকেল এবং মোটরসাইকেলের পার্টস স্থানীয়ভাবে (CKD Motorcycle স্থানীয় সংযোজন ব্যতীত) উৎপাদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী পরিপালন সাপেক্ষে সমুদয় মূল্য সংযোজন কর; এবং

(৩) কোন মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠান নিম্নবর্ণিত শর্তাবলীর শর্ত (ঘ) ও (ঙ) তে উল্লিখিত Basic Raw Material হিসাবে ব্যবহৃত Plain Metal Sheet/Flat-rolled Products অথবা Seamless Tube/Pipe/Rod/Bars/Hollow Profile অথবা সমজাতীয় পদার্থ হইতে চেসিস তৈরি করিতে সমর্থ না হইলেও কিন্তু অন্যান্য সকল শর্তাবলী পরিপালন করিতে সমর্থ হইলে তাহাদের ক্ষেত্রে সরকার, কেবল স্থানীয় উৎপাদন পর্যায়ে ৭ (সাত) শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর,

হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

**শর্তাবলী:**

(ক) সংশ্লিষ্ট মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠানকে Bangladesh Investment Development Authority (BIDA)/ Bangladesh Economic Zone Authority (BEZA) হইতে উৎপাদক হিসেবে নিবন্ধন ও Bangladesh Road Transport Authority (BRTA) হইতে উৎপাদনকারী প্রতিষ্ঠান হিসেবে অনুমোদন গ্রহণ করিতে হইবে এবং মোটরসাইকেলের পার্টস উৎপাদনকারী (ভেন্ডর) প্রতিষ্ঠানকে BIDA/ BEZA হইতে উৎপাদক হিসাবে নিবন্ধন গ্রহণ করিতে হইবে;

(খ) মোটরসাইকেল উৎপাদনকারী ও মোটরসাইকেল পার্টস (ভেন্ডর) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে কমপক্ষে ৩০% মূল্য সংযোজন করিতে হইবে;

(গ) সংশ্লিষ্ট মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠানে মোটরসাইকেলের চেসিসসহ এক বা একাধিক গুরুত্বপূর্ণ যন্ত্রাংশ যেমন: Swing Arm, Wheel, Fuel Tank, Handle Bar, Muffler ইত্যাদি যন্ত্রাংশ Basic Raw Material হইতে তৈরি করিতে হইবে এবং উহা তৈরির সংশ্লিষ্ট মেশিনারী থাকিতে হইবে;

(ঘ) মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠানে স্থানীয় পর্যায়ে যথাসম্ভব সর্বোচ্চ মূল্য সংযোজন নিশ্চিত করিবার লক্ষ্যে Plain Metal Sheet/Flat-rolled Products, অথবা Seamless Tube/Pipe/Rod/Bars/Hollow Profile অথবা সমজাতীয় Basic Raw Material হইতে চেসিস তৈরি করিতে হইবে;

(ঙ) মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠানে চেসিসের সহিত অন্যান্য যন্ত্রাংশ ওয়েল্ডিং এর মাধ্যমে জোড়া লাগাইবার উদ্দেশ্যে পৃথক ওয়েল্ডিং সেকশন এবং উক্ত কার্যক্রম সম্পাদন করিবার লক্ষ্যে প্রয়োজনীয় সংশ্লিষ্ট মেশিনারীজ থাকিতে হইবে;

(চ) মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠানে Paint Shop থাকিতে হইবে; তবে, প্রতিষ্ঠানের নিজস্ব প্রাঙ্গনে Paint Shop সংস্থাপিত না থাকিলে উক্ত কার্যক্রম বা সেবা অন্যকোন প্লান্ট, প্রতিষ্ঠান হইতে প্রযোজ্য মূল্য সংযোজন কর পরিশোধপূর্বক সম্পন্ন করিতে পারিবে সেইরূপ ব্যবস্থা থাকিতে হইবে;

(ছ) মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠানে এ্যাসেম্বলি সেকশন, টেস্টিং, কোয়ালিটি কন্ট্রোল ও প্রি-ডেলিভারী ইন্সপেকশন এর ব্যবস্থা থাকিতে হইবে এবং তদ্‌লক্ষ্যে প্রয়োজনীয় মেশিনারীজ থাকিতে হইবে।

২। এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতি বা রেয়াতি সুবিধার সুযোগ গ্রহণের জন্য, সংশ্লিষ্ট মোটরসাইকেল ও মোটরসাইকেল পার্টস (ভেন্ডর) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে অনুচ্ছেদ ১ এ উল্লিখিত শর্তাবলী প্রতিপালন করা হইবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক আনুষঙ্গিক দলিলাদিসহ, জাতীয় রাজস্ব বোর্ডের নিকট আবেদন করিতে হইবে।

৩। অনুচ্ছেদ ২ এর অধীন দাখিলকৃত আবেদনের ভিত্তিতে নিম্নবর্ণিত পরিদর্শন কমিটির প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গৃহীত হইতে হইবে, যথা:-

**কমিটি:**

(১) দ্বিতীয় সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড;

(২) সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা;

(৩) সংশ্লিষ্ট মূসক সার্কেলের রাজস্ব কর্মকর্তা।

৪। অনুচ্ছেদ ৩ এ বর্ণিত কমিটি, কমিটি গঠনের অনধিক ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক উহার পরিদর্শন প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিবে এবং উক্ত বোর্ড, দাখিলকৃত প্রতিবেদনে প্রজ্ঞাপনের শর্তাবলী যথাযথভাবে প্রতিপালিত হওয়া সাপেক্ষে, প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, বিষয়টি নিষ্পত্তি করিবে এবং বোর্ডের অনুমোদন প্রাপ্তির পর অনুমোদনের তারিখ হইতে অব্যাহতি বা রেয়াতি সুবিধা প্রদান করা হইবে।

৫। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, কোন উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৩১, ৩২, ৩৫ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে।

৬। অনুচ্ছেদ ১ এ উল্লিখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে, অব্যাহতিপ্রাপ্ত হইলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনুচ্ছেদ ৫ এর বিধানাবলী পরিপালন করিতে ব্যর্থ হইলে এই অব্যাহতি বা রেয়াতি সুবিধা প্রাপ্য হইবে না।

৭। এই প্রজ্ঞাপনের আওতায় অব্যাহতি বা রেয়াতি সুবিধা ভোগকারী কোন প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলী যথাযথভাবে পরিপালন করিতেছে কিনা তাহা যথোপযুক্ত অনুসন্ধানের লক্ষ্যে বোর্ড যে কোন সময় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে। উক্ত অনুসন্ধানের প্রেক্ষিতে এই প্রজ্ঞাপনের কোন শর্ত প্রতিপালিত হইতেছেনা মর্মে প্রতীয়মান হইলে সংশ্লিষ্ট উৎপাদনকারীর বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে Customs Act, 1969 ও মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর বিধান অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে এবং প্রদত্ত অব্যাহতি বা রেয়াতি সুবিধা তাৎক্ষণিকভাবে বাতিল হইবে।

৮। এই প্রজ্ঞাপন আগামী ৩০ জুন, ২০২০ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

৯। এই বিভাগ কর্তৃক জারীকৃত ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং- ১৭৫-আইন/২০১৮/৭৯৮-মূসক এতদ্দ্বারা রহিত করা হইল।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি)**
সিনিয়র সচিব

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

**[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]**

**প্রজ্ঞাপন**

তারিখঃ **১৪** আষাঢ়, **১৪২৫** বঙ্গাব্দ / **২৮** জুন, ২০১৮ খ্রিস্টাব্দ**।**

**এস,আর,ও, নং**-২০৮-**আইন/২০১৮**/৮১১-**মূসক**।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (৪ক) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড **উহার ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং- ১৭০-আইন/২০১৮/৭৯৩-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-**

**উপরি-উক্ত প্রজ্ঞাপনের** টেবিল **এর** পরিবর্তে নিম্নরূপ **টেবিল** প্রতিস্থাপিত হইবে, যথা:-

**"টেবিল**

| **ক্রমিক নং** | **খুচরা মূল্যস্তর (প্রতি দশ শলাকা)** | **শলাকা সংখ্যা** | **সিগারেটের মোড়কের (প্যাকেট) প্রকৃতি** | **ডিজাইন** | **স্ট্যাম্প বা ব্যান্ডরোল** |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | ৩৫ (পঁয়ত্রিশ) টাকা ও তদূর্ধ্ব | ১০ | শেল এন্ড স্লাইড | হালকা সবুজ | ব্যান্ডরোল |
| | | ১০ | হার্ড এন্ড সফট | হালকা খয়েরী | স্ট্যাম্প |
| | | ২০ | হার্ড এন্ড সফট | হালকা খয়েরী | স্ট্যাম্প |
| ২। | ৪৮ (আটচল্লিশ) টাকা ও তদূর্ধ্ব | ১০ | হার্ড এন্ড সফট | হালকা সবুজ | স্ট্যাম্প |
| | | ২০ | হার্ড এন্ড সফট | হালকা সবুজ | স্ট্যাম্প |
| ৩। | ৭৫ (পঁচাত্তর) টাকা ও তদূর্ধ্ব | ১০ | হার্ড এন্ড সফট | হালকা মেরুন | স্ট্যাম্প |
| | | ১২ | হার্ড এন্ড সফট | হালকা মেরুন | স্ট্যাম্প |
| | | ২০ | হার্ড এন্ড সফট | হালকা মেরুন | স্ট্যাম্প |

"।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**(মোঃ তারেক হাসান)**
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

জাতীয় রাজস্ব বোর্ড,

ঢাকা।

**[মূসক অনুবিভাগ]**

**আদেশ**

সাধারণ আদেশ নং-**১১**/মূসক/২০১৮ তারিখঃ **১৪** আষাঢ়, ১৪২**৫** বঙ্গাব্দ **/ ২৮** জুন, ২০১৮ খ্রিস্টাব্দ।

মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (৭) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, উহার ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং- ০৫/মূসক/২০১৮ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের, টেবিল-১ (পণ্যের প্রস্তুতকরণ বা উৎপাদন ও সরবরাহ পর্যায়ে) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) ২০.০৯ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

| | | | |
|---|---|---|---|
| "২৪.০৩ | ২৪০৩.৯৯.০০ | জর্দা | প্রতি দশ গ্রাম ১২ টাকা (বার টাকা)<br>অর্থাৎ প্রতি গ্রাম ১.২০ (এক দশমিক দুই শুন্য টাকা) |
| | | গুল | প্রতি দশ গ্রাম ৬ টাকা (ছয় টাকা)<br>অর্থাৎ প্রতি গ্রাম ০.৬০ (শুন্য দশমিক ছয় শুন্য টাকা)" |

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)**
প্রথম সচিব (মূসক নীতি)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড,
ঢাকা।

**[মূসক অনুবিভাগ]**

**আদেশ**

সাধারণ আদেশ নং-**১২**/মূসক/২০১৮ তারিখঃ **১৪** আষাঢ়, ১৪২**৫** বঙ্গাব্দ / **২৮** জুন, ২০১**৮** খ্রিস্টাব্দ।

মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, উহার ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং- ০৬/মূসক/২০১৮ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের, অনুচ্ছেদ ০২ এ বর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত ক্রম. নং ৩৯ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ বর্ণিত এন্ট্রিসমূহ নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:-

| | | | |
|---|---|---|---|
| “৩৯. | S০৯৯.৬০ | ক্রেডিট রেটিং এজেন্সি | ৭%” |

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**(মোঃ তারেক হাসান)**
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।**

[ মূসক আইন ও বিধি শাখা ]

**ব্যাখ্যা পত্র** নং-**০২**/মূসক/২০১৮ তারিখঃ **১৪** আষাঢ়, **১৪২৫** বঙ্গাব্দ/**২৮** জুন, ২০১৮ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ মোবাইল ফোন অ্যাপসভিত্তিক পরিবহনের রাইড শেয়ারিং সেবার ক্ষেত্রে মূল্য সংযোজন কর আদায়।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বর্তমানে মোবাইল অ্যাপসভিত্তিক বিভিন্ন পরিবহনের রাইড শেয়ারিং সেবা (যেমন: উবার, পাঠাও ইত্যাদি) খুব দ্রুত জনপ্রিয় হয়েছে। কিন্তু সেবাটি মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর দ্বিতীয় তফসিলভুক্ত না হওয়ায় মূসক অব্যাহতি সুবিধা ভোগ করে না। স্পষ্টতই এ সেবাটি সেবা কোড S০৭৯.০০ "সোশ্যাল মিডিয়া ও ভার্চুয়াল বিজনেস" সেবার অন্তর্ভুক্ত।

০২। সেবাটি পর্যালোচনায় দেখা যায়, এ ধরনের সেবা প্রদানের ক্ষেত্রে, বিভিন্ন ব্যক্তিগত পরিবহনের মালিক নিজে কিংবা চালক নিয়োগপূর্বক মোবাইল অ্যাপস ব্যবহারের মাধ্যমে ব্যবসায়িক উদ্দেশ্যে যাত্রীপরিবহন সেবা প্রদান করে থাকেন। উক্ত সেবার বিপরীতে যাত্রী নির্দিষ্ট গন্তব্যে পৌঁছানোর পর মোবাইল অ্যাপস এর মাধ্যমে নির্ধারিত ভাড়া/সেবামূল্য গাড়ীর চালককে পরিশোধ করে থাকেন। গাড়ীর চালক যাত্রীর নিকট হতে যে সেবামূল্য গ্রহণ করেন, তার আংশিক মোবাইল অ্যাপসভিত্তিক সেবা সরবরাহকারী প্রতিষ্ঠান (যেমন: উবার, পাঠাও কর্তৃপক্ষ ইত্যাদি) প্রাপ্ত হন। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর দ্বিতীয় তফসিলের অনুচ্ছেদ-৬ এর (গ) মোতাবেক সকল প্রকার বাহনের চালক কর্তৃক প্রদত্ত সেবা ব্যক্তিগত সেবা হিসেবে মূসক অব্যাহতি সুবিধা ভোগ করে। তাই গাড়ীর চালক কর্তৃক সেবা প্রদানের বিপরীতে প্রাপ্ত সমুদয় সেবামূল্যের যে অংশটুকু প্রকৃত পক্ষে নিজে গ্রহণ করেন, সে অংশটুকুই শুধুমাত্র মূসক অব্যাহতি প্রাপ্ত। কিন্তু তা ব্যতীত এ সেবা প্রদানের বিপরীতে প্রাপ্ত সর্বমোট সেবামূল্যের যে অংশ অ্যাপস পরিচালনাকারী প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ (যেমন: উবার, পাঠাও ইত্যাদি) প্রাপ্ত হন, শুধুমাত্র সে অংশের উপর নীট ৫ (পাঁচ) শতাংশ হারে মূসক আদায়যোগ্য হবে।

০৩। মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে এ দপ্তরের ব্যাখ্যা পত্র নং-০১/মূসক/২০১৮ তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১৮খ্রিস্টাব্দ রহিতক্রমে এ ব্যাখ্যাপত্র জারি করা হলো।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**(মোঃ তারেক হাসান)**
**দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)**

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd